

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.nanl.gov.bd

নথি নং- ৪৩.২৫.০০০০.০০১.১৬.০৬৭.২৪/১৮৭১

০৭ কার্তিক ১৪৩১
তারিখ : ২৩ অক্টোবর ২০২৪


বিষয় : আপনার বিদ্যালয়ের নবম/দশম/একাদশ/দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের বাংলাদেশ জাতীয় আরকাইভস ও বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার পরিদর্শনের জন্য প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির মূল্যবান উপকরণ ও তথ্য-উপাত্তের কেন্দ্রীয় সংরক্ষণাগার। বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১ এর ১০ ধারা অনুযায়ী এই প্রতিষ্ঠান দেশের সরকারি, আধাসরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ২৫ বছরের উর্ধ্বের স্থায়ী সংরক্ষণযোগ্য গুরুত্বসম্পন্ন নথিপত্র/রেকর্ড, দুস্ত্যাপ্য প্রকাশনা, দলিলপত্র, পাণ্ডুলিপি, চুক্তি, গেজেট, গেজেটিয়ার, সমঝোতা স্মারক, কমিশন রিপোর্ট, ছবি, ম্যাপ, পোস্টার ইত্যাদি সংগ্রহ করে থাকে। সংগৃহীত রেকর্ডপত্র বৈজ্ঞানিক উপায়ে নিরাপদ সংরক্ষণ, ব্যবস্থাপনা এবং পরিচর্যা করাও এ অধিদপ্তরের গুরুত্বপূর্ণ দায়িত্ব। সংগৃহীত রেকর্ডস থেকে সরকারি প্রয়োজনে তথ্যসেবা প্রদান, দেশি-বিদেশী গবেষক, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, এম.ফিল শিক্ষার্থী ও পিএইচ.ডি গবেষক, বুদ্ধিজীবীসহ বিভিন্ন পর্যায়ের অংশীজনদের তথ্যসেবা প্রদান করে থাকে। বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার দেশে প্রকাশিত গ্রন্থসমূহ সংগ্রহ ও সংরক্ষণ করে এবং নতুন বইয়ের জন্য ISBN প্রদান করে। সংরক্ষিত গ্রন্থগুলো থেকে পাঠকসেবা দেয়া হয়। উল্লেখ্য যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এই অধিদপ্তরকে **Critical Information Infrastructure (CII)** হিসেবে ঘোষণা করেছে।

০২। বাংলাদেশ জাতীয় আরকাইভসে ইতোমধ্যে সংগৃহীত দলিলের মধ্যে অন্যতম তালপাতায় লিখিত পাণ্ডুলিপি, তুলট কাগজে লিখিত পাণ্ডুলিপি, ১৭৬০ সাল থেকে জেলা রেকর্ডস, ১৭৮০ সাল থেকে বিভিন্ন ম্যাপ, ১৮৩২ সাল থেকে বর্তমান পর্যন্ত গেজেট, গেজেটিয়ার, ১৯৪৭ সাল থেকে সংবাদপত্র, মাস্টারদা সূর্যসেনের মামলার রায়ের কপি, এডমিনিস্ট্রিটিভ রিপোর্ট, এগ্রিকালচারাল রিপোর্ট, বিভিন্ন প্রকার সার্ভে রিপোর্ট, মিউনিসিপাল রেকর্ডস, বিভিন্ন বিভাগ/জেলা/পরগণার মানচিত্র ইত্যাদি বাংলাদেশ জাতীয় আরকাইভসে সংরক্ষিত আছে।

০৩। বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির মূল্যবান উপকরণ ও তথ্য-উপাত্তের কেন্দ্রীয় সংরক্ষণাগার। প্রায় ৩০০ বছরের পুরাতন রেকর্ড সংরক্ষিত আছে বাংলাদেশ জাতীয় আরকাইভসে। এটি আমাদের শেকড়ের সন্ধান দেয়। জাতীয় গ্রন্থাগারে সংরক্ষিত গ্রন্থসমূহ থেকে জ্ঞানচর্চার এক বিশাল উৎস। কিন্তু এই সমৃদ্ধ জ্ঞান ভান্ডার সম্পর্কে আমাদের দেশের ভবিষ্যত প্রজন্ম কোমলমতি ছাত্র/ছাত্রীরা অবহিত নয়। আমাদের দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির এবং জ্ঞানচর্চার তথ্য উপাত্তের সাথে তথা আমাদের দেশের অতীতের বাস্তব চিত্রের সাথে আমাদের নতুন প্রজন্মের পরিচয় করিয়ে দেয়া জরুরি।

০৪। উক্ত প্রেক্ষাপটে আপনার বিদ্যালয়ের নবম/দশম/একাদশ/দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদেরকে জাতির ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির উপাত্তের সাথে পরিচয় করিয়ে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ জাতীয় আরকাইভস ও বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার পরিদর্শনের উদ্দেশ্যে কমপক্ষে ৫০-৬০ জনের গুপ হিসাবে ছাত্র/ছাত্রীদের প্রেরণের জন্য আপনার সুবিধামত তারিখ ও সময় পত্রের মাধ্যমে জানাতে অনুরোধ করা হলো।


(ড. সালমা মমতাজ)
মহাপরিচালক
(অতি. সচিব)

ফোন : +৮৮-০২-২২২২১৮৩৪৬
ইমেইল : dg@nanl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান শিক্ষক

শেরেবাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

২। প্রধান শিক্ষক

শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। প্রধান শিক্ষক

আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়, তালতলা সরকারী কলোনী, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

৪। প্রধান শিক্ষক

গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়, গণভবন, শেরেবাংলা নগর, ঢাকা।

৫। প্রধান শিক্ষক

ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা।

৬। প্রধান শিক্ষক

ধানমন্ডি গভঃ গার্লস হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা।

৭। অধ্যক্ষ

মোহাম্মদপুর প্রিপারেটরী স্কুল এন্ড কলেজ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

৮। অধ্যক্ষ

সেন্ট যোসেফ হায়ার সেকেন্ডারি স্কুল, আসাদ এভিনিউ, আসাদগেট, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

৯। অধ্যক্ষ

ঢাকা রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মিরপুর রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

১০। প্রধান শিক্ষক

মোহাম্মদপুর বালক উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

১১। প্রধান শিক্ষক

মোহাম্মদপুর বালিকা উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

১২। অধ্যক্ষ

লালমাটিয়া গার্লস হাই স্কুল এন্ড কলেজ, মোহাম্মদপুর, ঢাকা।

১৩। অধ্যক্ষ

মনিপুর স্কুল এন্ড কলেজ, মিরপুর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালকের একান্ত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর,

৩। পরিচালকের একান্ত সহকারী, (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর,

৪। সংশ্লিষ্ট নথি।

৫